পশ্চিমবঙ্গ সরকার
শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ
বাঁকুড়া-১নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
পুয়াবাগান, বাঁকুড়া

*স্মারক সংখ্যা: ২০৮/আই.সি.ডি.এস/বি.এন.কে-১* *তারিখ: ১৮/০৭/২০২৪*

## বিজ্ঞপ্তি (NOTICE)

এতদ্বারা জানানো যাচ্ছে যে বাঁকুড়া-১নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে **অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে** সরাসরি নিযুক্তির জন্য কেবলমাত্র মহিলা প্রার্থীদের কাছ থেকে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে । অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে নিযুক্তির জন্য বাঁকুড়া-১নং পঞ্চায়েত সমিতির অর্ন্তগত নিম্নলিখিত গ্রাম পঞ্চায়েত সমুহের স্থায়ী বাসিন্দা (কেবলমাত্র মহিলা) এমন প্রার্থীরা কেবলমাত্র তাদের নিজ গ্রাম পঞ্চায়েতের শূন্য পদে নিম্নলিখিত শর্তে আবেদন করতে পারবেন। এই নিয়োগ সম্পূর্ণরূপে স্বেচ্ছাসেবামূলক। এই কাজে নিযুক্ত ব্যক্তি কোন মতেই সরকারী কর্মী হিসেবে গণ্য হবেন না। অঙ্গনওয়াড়ি সহায়িকাদের সরকার অনুমোদিত হারে প্রতি মাসে সাম্মানিক ভাতা সহ অতিরিক্ত ভাতা প্রদান করা হবে। অঙ্গনওয়াড়ী সহায়িকাদের সাম্মানিক ভাতার পরিমাণ মাসিক ২২৫০/- টাকা ও অতিরিক্ত ভাতার পরিমাণ মাসিক ৪৫৫০/- টাকা। প্রার্থীকে অবশ্যই ভারতীয় নাগরিক হতে হবে। সম্পূর্ন নিয়োগ প্রক্রিয়াটি পশ্চিমবঙ্গ সরকারের নারী ও শিশু উন্নয়ন ও সমাজ কল্যাণ দপ্তর থেকে বিভিন্ন সময়ে প্রকাশিত নিয়োগ সম্পর্কিত নির্দেশ অনুসারে সম্পাদন করা হবে।

*সরাসরি নিয়োগের মাধ্যমে সহায়িকাপদে নিয়োগের শূন্য পদ অনুযায়ী সংরক্ষণ বিন্যাস:*

| গ্রাম পঞ্চয়েত | মোট শূন্য পদ | অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া শ্রেণী | অসংরক্ষিত | তপশিলী জাতি | তপশিলী উপজাতি | অন্যান্য অনগ্রসর শ্রেণী A | অন্যান্য অনগ্রসর শ্রেণী B | প্রতিবন্ধকতা যুক্ত ব্যক্তি (PWD) |
|---|---|---|---|---|---|---|---|---|
| আঁচুড়ি | ০২ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০১ | ০১ (অসংরক্ষিত) দৃষ্টি সংক্রান্ত |
| জগদল্লা-১ নং | ০২ | ০০ | ০১ | ০০ | ০০ | ০০ | ০০ | ০১ (অসংরক্ষিত) শ্রবন সংক্রান্ত |
| কালপাথর | ০২ | ০০ | ০০ | ০১ | ০০ | ০০ | ০০ | ০১ (অসংরক্ষিত) অটিজম,বুদ্ধি বৃত্তিক অক্ষমতা, নির্দিষ্ট শেখার অক্ষমতা, মানসিক অসুস্থতা এবং একাধিক অক্ষমতা |
| আন্দারথোল | ০২ | ০০ | ০১ | ০০ | ০০ | ০০ | ০০ | ০১ (অসংরক্ষিত) দৃষ্টি সংক্রান্ত |



১৮/৭/২০২৪

Child Development Project Officer
Bankura-I ICDS Project
Bankura

বি: দ্র:----

(১) তপশিলী জাতি/তপশিলী উপজাতি/অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি A/অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি B/প্রতিবন্ধকতা যুক্ত ব্যক্তি (নূনতম ৪০%)/অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া শ্রেণীর প্রার্থীকে উপযুক্ত দপ্তর/অফিস কর্তৃক প্রদত্ত আসল/মূল শংসাপত্র উপযুক্ত সময়ে চাওয়ামাত্র দাখিল করতে হবে। উপরোক্ত সকল শংসাপত্র/সার্টিফিকেট প্রার্থী যেদিন আবেদন করছেন, সেইদিন বা তার আগে প্রাপ্ত হতে হবে। তপশিলী জাতি/তপশিলী উপজাতি/অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি A/অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি B/প্রতিবন্ধকতা যুক্ত ব্যক্তি (নূনতম ৪০%)/অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া শ্রেণীর প্রার্থীকে শুধুমাত্র পশ্চিমবঙ্গ সরকার থেকে জারি (issued) উপযুক্ত শংসাপত্র সঠিক সময়ে বা চাওয়ামাত্র দাখিল করতে হবে। নিয়োগের পূর্বে তাঁদের শংসাপত্রের সত্যতা যাচাই করে নেওয়া হতে পারে।

(২) পশ্চিমবঙ্গের বাইরে থেকে জারি হওয়া তপশিলী জাতি/তপশিলী উপজাতি/অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি A/অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি B/প্রতিবন্ধকতা যুক্ত ব্যক্তি (নূনতম ৪০%)/অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া শ্রেণীর প্রার্থীদের শংসাপত্র এক্ষেত্রে গ্রাহ্য হবে না।

(৩) তপশিলী জাতি/তপশিলী উপজাতি/অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি A/অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি B- সংশ্লিষ্ট প্রার্থীর কোলকাতা ব্যতীত বাকি পশ্চিমবঙ্গের ক্ষেত্রে মহকুমাশাসক কর্তৃক জারি হওয়া শংসাপত্রই একমাত্র গ্রাহ্য হবে। এক্ষেত্রে অন্য কোন প্রকার শংসাপত্র গ্রাহ্য করা হবে না। কোলকাতা থেকে জারি হওয়া শংসাপত্রের ক্ষেত্রে জেলাশাসক, দক্ষিণ ২৪-পরগনার ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলাশাসক বা জেলা কল্যাণ আধিকারিক, কোলকাতা (District Welfare Officer, Kolkata) ব্যতীত অন্য কোন প্রকারে জারি হওয়া শংসাপত্র গ্রাহ্য করা হবে না।

(৪) অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি A/অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি B- এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীকে চাওয়ামাত্র বা যথোপযুক্ত সময়ে তাঁর বাসস্থান এলাকার সংশ্লিষ্ট মহকুমাশাসক কর্তৃক প্রদত্ত নন-ক্রীমি লেয়ার-এর শংসাপত্র জমা করতে হবে।

(৫) প্রতিবন্ধকতার শংসাপত্র- সংশ্লিষ্ট প্রার্থীকে পশ্চিমবঙ্গের কোন সরকারী মেডিক্যাল কলেজের মেডিক্যাল বোর্ড বা পশ্চিমবঙ্গের কোন জেলা হাসপাতালের বা পশ্চিমবঙ্গের কোন মহকুমা হাসপাতালের মেডিক্যাল বোর্ডের দ্বারা প্রদত্ত শংসাপত্র জমা করতে হবে। এক্ষেত্রে West Bengal Persons with Disabilities ( Equal Opportunities, Protection of Rights and Full Participation) Rules, 1999 প্রযোজ্য হবে। প্রার্থী যেদিন আবেদন করছেন, সেইদিন বা তার আগে জারি হওয়া (issued) শংসাপত্রই শুধুমাত্র গ্রাহ্য হবে। উক্ত তারিখের পরে কোন শংসাপত্র জারি হলে, তা অগ্রাহ্য করা হবে। শংসাপত্রের জন্য আবেদন জমা দেওয়ার রসিদ গ্রাহ্য করা হবে না।

(৬) অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া শ্রেণী -এর ক্ষেত্রে শংসাপত্র, জেলা শাসক বা অতিরিক্ত জেলা শাসক কর্তৃক প্রদত্ত হতে হবে এবং তা হতে হবে ২০২৪-২৫ অর্থবর্ষের জন্য ।

**আবশ্যিক শর্তাবলি:**

***ক) প্রার্থীকে অবশ্যই ভারতীয় নাগরিক এবং মহিলা হতে হবে।***

***খ) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা*** :- ১৮/০৭/২০২৪ দিন কে ভিত্তি করে অঙ্গনওয়াড়ি সহায়িকা পদের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত বোর্ড/কাউন্সিল থেকে উচ্চ মাধ্যমিক/সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। সাধারন, প্রতিবন্ধকতাযুক্ত, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী (ক্যাটেগরি A&B)/অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া শ্রেণী ইত্যাদি সকলের ক্ষেত্রেই। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা প্রার্থীপদের ক্ষেত্রে কোন অন্তরায় হবে না।

18/7/2024

Child Development Project Officer
Bankura-I ICDS Project
Bankura

**গ) বয়স:** ১৮/০৭/২০২৪ তারিখে প্রার্থীকে নূনতম ১৮ বছর বয়সের হতে হবে। তিনি উক্ত ১৮/০৭/২০২৪ তারিখে কোনমতেই ৩৫ বছরের বেশি বয়সের হতে পারবেন না। অর্থাৎ সকল প্রার্থীর জন্য তারিখ ১৮/০৭/১৯৮৯ বা তার পরে এবং ১৮/০৭/২০০৬ বা তার আগে হতে হবে। এই শর্তাবলী সকল শ্রেণীর প্রার্থীদের যথা- তপশিলী জাতি/তপশিলী উপজাতি/অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি A/অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি B/প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তি/অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া শ্রেণী সবক্ষেত্রেই প্রযোজ্য হবে। জন্ম নিবন্ধীকরণ শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার নিবন্ধীকরণ (রেজিস্ট্রেশন) বা অ্যাডমিট কার্ড বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত দশম শ্রেণী পাশ শংসাপত্রে লিখিত বয়সেই এক্ষেত্রে সঠিক বয়সের প্রমাণ হিসেবে বিবেচিত হবে। অন্য কোনরূপ প্রমাণ এক্ষেত্রে গ্রাহ্য হবে না।

**ঘ) স্থায়ী বাসস্থান সংক্রান্ত শর্ত :-** অঙ্গনওয়াড়ি সহায়িকা পদের জন্য যে প্রার্থী আবেদন করবেন তাঁকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হতে হবে। স্থায়ী বাসস্থান সংক্রান্ত প্রমাণপত্র হিসেবে প্রার্থীকে সংশ্লিষ্ট লোকসভার সদস্য/জেলার সভাধিপতি/সংশ্লিষ্ট এলাকার বিধায়ক/জেলা শাসক/অতিরিক্ত জেলা শাসক/সংশ্লিষ্ট মহকুমা শাসক/সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির সভাপতি/সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিক/সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান কর্তৃক প্রদত্ত সচিত্র শংসাপত্র আবেদন পত্রের সঙ্গে জমা করতে হবে।

**ঙ) পরীক্ষা :-** অঙ্গনওয়াড়ি সহায়িকা ক্ষেত্রে সকল আবশ্যিক শর্তপূরণের সাপেক্ষে যোগ্য প্রার্থী তথা আবেদনকারিণীদের পরীক্ষার মাধ্যমে নির্বাচিত করা হবে। পরীক্ষার পূর্ণমান ১০০। প্রথমে ৯০ নম্বরের লিখিত পরীক্ষা নেওয়া হবে। লিখিত পরীক্ষা হবে ২ ঘন্টার। লিখিত পরীক্ষায় পাশ করলে মৌখিক পরীক্ষার জন্য প্রবেশাধিকার পাওয়া যাবে। মৌখিক পরীক্ষা ১০ নম্বরের। অনুলিখনের (প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিদের জন্য) ক্ষেত্রে লিখিত পরীক্ষায় অতিরিক্ত ৪০ মিনিট সময় বরাদ্দ থাকবে। অর্থাৎ লিখিত পরীক্ষায় অনুলিখনের ক্ষেত্রে মোট সময় ২(দুই)ঘন্টা ৪০(চল্লিশ)মিনিট বরাদ্দ থাকবে।

***লিখিত পরীক্ষার পাঠ্যক্রম নিম্নরূপ*** :-

**অঙ্গনওয়াড়ি সহায়িকা নির্বাচন এর ক্ষেত্রে**

১) বাংলা ভাষায় ১৫০ শব্দের মধ্যে একটি রচনা লিখন (অষ্টম শ্রেণী মানের, জনসাধারণের মধ্যে অঙ্গনওয়াড়ি পরিষেবা সংক্রান্ত সচেতনতা তৈরি বিষয়ক) - ১৫ নম্বর

২) পাটিগণিত (অষ্টম শ্রেণী মানের) - ২০ নম্বর

৩) নিরাপদ রন্ধন পদ্ধতি, জন স্বাস্থ্য ও স্বাস্থ্য বিধি- ১৫ নম্বর

৪) ইংরাজী (ইংরাজী ভাষায় সরল ও প্রাথমিক জ্ঞান), সরল অনুবাদ (অষ্টম শ্রেণী মানের) - ২০ নম্বর

৫) সাধারণ জ্ঞানের প্রশ্ন - ২০ নম্বর

ইংরাজী ব্যতীত বাকি সকল প্রশ্ন বাংলায় হবে। রচনা লিখন বাংলাতে লিখতে হবে। রচনা লিখন ব্যতীত বাকী সকল প্রশ্ন মাল্টিপল চয়েস ধরনের। লিখিত পরীক্ষায় উপরিউক্ত (ক) রচনা লিখন, (খ) পাটিগণিত (অষ্টম শ্রেণী মানের), (গ) নিরাপদ রন্ধন পদ্ধতি, জন স্বাস্থ্য ও স্বাস্থ্য বিধি (ঘ) ইংরাজী (ইংরাজী ভাষায় সরল ও প্রাথমিক জ্ঞান), সরল অনুবাদ (অষ্টম শ্রেণী মানের) ও (ঙ) সাধারণ জ্ঞানের প্রশ্ন - এই পাঁচটি ক্ষেত্রে সর্বমোট নূনতম ৩০ নম্বর না পেলে কোন প্রার্থীকেই মৌখিক পরীক্ষার জন্য বিবেচনা করা হবে না। এই শর্তাবলী সকল শ্রেণী যথা সাধারণ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী (A&B), প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তি, অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া শ্রেণী সবক্ষেত্রেই প্রযোজ্য হবে। লিখিত পরীক্ষায় পাশ করলেও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে সেই প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবেন। লিখিত পরীক্ষায় প্রাপ্ত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রস্তুত করা হবে। লিখিত পরীক্ষার ও মৌখিক পরীক্ষার তারিখ প্রবেশ পত্রের (Admit Card) মাধ্যমে প্রার্থীদের জানানো হবে। প্রবেশ পত্র প্রার্থীকে নির্ধারিত সময়সীমার মধ্যে ডাকযোগে বা সরাসরি হাতে-হাতে সংশ্লিষ্ট সি.ডি.পি.ও. আফিস থেকে প্রদান করা হবে। ১ : ৫ অনুপাতে (শূন্যপদ সংখ্যা:মৌখিক পরীক্ষায় আহ্বান পাওয়া পরীক্ষার্থীর সংখ্যা) মৌখিক পরীক্ষা নেওয়া হবে। কোন বিশেষ শ্রেণীতে (সংরক্ষণভিত্তিক বা মুক্ত) উপযুক্ত সংখ্যায় প্রার্থী কম থাকলে কম সংখ্যক প্রার্থীকে মৌখিক পরীক্ষায় ডাকা হতে পারে। একই নম্বর প্রাপ্ত একই শ্রেণীর (সংরক্ষণভিত্তিক বা মুক্ত) সকল প্রার্থীকেই মৌখিক পরীক্ষায় বসার সুযোগ দেওয়া হবে। যদি কোন ক্ষেত্রে দেখা যায় একই শ্রেণীর দুই বা ততোধিক প্রার্থীর লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত মোট নম্বর সমান, সেক্ষেত্রে যাঁর বয়স বেশী তাঁকে সরকারি আদেশ অনুসারে অগ্রাধিকার দেওয়া হবে।



18/7/2024

Child Development Project Officer
Bankura-I ICDS Project
Bankura

**চ) সংরক্ষণ সংক্রান্ত শর্তাবলি:** সংরক্ষিত পদের প্রার্থীদের ক্ষেত্রে নির্দিষ্ট শংসাপত্র উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত হতে হবে এবং তা আবেদনের পত্রের সঙ্গে জমা করতে হবে। পরবর্তীকালে প্রাপ্ত কোনরূপ শংসাপত্র বা শংসাপত্রের জন্য আবেদন জমা দেওয়ার রসিদ গ্রাহ্য করা হবে না।আবেদনের সময় শংসাপত্র প্রদান না করলে ঐ প্রার্থীকে অসংরক্ষিত পদের জন্য বিবেচিত করা হবে (অন্যান্য যোগ্যতামান ঠিক থাকলে)।

**ছ) অবসরকালীন বয়স:** বর্তমানে সরকারি নির্দেশিকা অনুসারে প্রতিটি অঙ্গনওয়াড়ি সহায়িকার ৬৫ বছর বয়স পূর্ণ হলে বাধ্যতামূলকভাবে এই স্বেচ্ছাসেবামূলক কর্মজীবনের অবসান ঘটবে।

**জ)** আবেদনকারিণী যে সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের অধীনস্ত যে গ্রাম পঞ্চায়েতে অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে কাজের জন্য আবেদন করেছেন, সেই গ্রাম পঞ্চয়েতের যে কোন অঙ্গনওয়াড়ি কেন্দ্রে কাজ করতে প্রস্তুত থাকতে হবে।

**ঝ) প্রশিক্ষণ:** সমস্ত প্রশিক্ষণ বাধ্যতামূলক এবং পশ্চিমবঙ্গের যে কোন স্থানে প্রশিক্ষণ হতে পারে। প্রশিক্ষণ নিতে অস্বীকার করলে বা প্রশিক্ষণের সময়ে ন্যূনতম যোগ্যতামান অর্জন না করলে তাঁর নিয়োগ বাতিল হবে।

**ঞ) আবেদন সংক্রান্ত শর্তাবলি ও আবেদন পত্র জমা করার সময় সীমা:** আবেদনকারিণী যে আই,সি,ডি,এস প্রজেক্টের জন্য আবেদন করছেন সেই প্রজেক্টের সি.ডি.পি.ও. অফিসের নির্ধারিত সময় সীমার মধ্যে বন্ধ খামে সম্পূর্ণ পূরন করা আবেদন পত্র ও প্রয়োজনীয় শংসাপত্র সহ জমা করবেন। ডাকযোগে, ই-মেইল মারফৎ বা অন্য কোনো ভাবে কোনো আবেদন পত্র প্রেরন করিলে তা বাতিল বলে গন্য হবে।

**আবেদন পত্র জমা করার শুরুর তারিখ: ২৫/০৭/২০২৪**

**আবেদন পত্র জমা করার শেষ তারিখ: ১৬/০৮/২০২৪**

**আবেদন পত্র জমা দেবার সময়:** প্রতি সরকারি কাজের দিন (ছুটির দিন ব্যতীত)দুপুর ১২ টা থেকে বিকাল ৩টা পর্যন্ত ।

**আবেদন পত্র জমা দেবার স্থান** :বাঁকুড়া-১নং সি. ডি. পি. ও অফিস, পুয়াবাগান, বাঁকুড়া ।

**আবেদন পত্রটি www.bankura.gov.in এই website এ পাওয়া যাবে ।**

**দরখাস্ত করার সময়ে শুধুমাত্র নিম্নলিখিত প্রমাণপত্র সমূহের কপি আবেদন পত্রের সাথে প্রদান করতে হবে :-**

১) সাম্প্রতিক সময়ে (আবেদন করার তারিখ থেকে ছয় মাস পূর্বের সময়ের মধ্যে) তোলা প্রার্থী তথা আবেদনকারিণীর রঙিন স্বপ্রত্যয়িত পাসপোর্ট মাপের ছবি ৩ কপি যার মধ্যে ১ টি আবেদন পত্রের নির্দিষ্ট জায়গায় আঠা দিয়ে সেটে দিতে হবে।

২) অবেদন পত্রের সবগুলি কলাম যথাযথ ভাবে পূরণ করা থাকতে হবে।

৩) কালো/নীল কালিতে আবেদনকারিণীর নামের সম্পূর্ণ সই/স্বাক্ষর স্পষ্ট হতে হবে।

৪) বয়সের প্রমাণপত্র (জন্ম শংসাপত্র/মাধ্যমিকের প্রবেশপত্র/মাধ্যমিক পাশের শংসাপত্র), উচ্চ মাধ্যমিক পাশের শংসাপত্র বা মার্কশীট, সর্ব্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার শংসাপত্র, বাসিন্দা শংসাপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে জাতি সংক্রান্ত শংসাপত্র, অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া শ্রেণীর শংসাপত্র ও প্রতিবন্ধী শংসাপত্র এর স্বপ্রত্যয়িত কপি।

৫) নিজের নাম ঠিকানা লেখা ৫ টাকার ডাকটিকিট লাগানো দুটি খাম।

***** ১, ২, ৩, ৪ ও ৫ নং শর্তাবলি আবশ্যকীয় ভাবে আবেদন পত্রে পূরণীয় অন্যথায় আবেদনপত্রটি বাতিল বলে গণ্য করা হবে।**

ট) বাতিল দরখাস্তকারীদের তালিকা নির্দিষ্ট সময়ে বাঁকুড়া-১নং সি.ডি.পি.ও. অফিসের নোটিশ বোর্ডে টাঙিয়ে দেওয়া হবে।

ঠ) সঠিক প্রার্থীদের লিখিত পরীক্ষার সচিত্র প্রবেশপত্র (Admit Card) সাধারন ডাকযোগে বা সরাসরি হাতে হাতে প্রদান করা হবে। এ বিষয়ে পরবর্তীকালে নির্দেশিকা জারি করা হবে। পরীক্ষা কেন্দ্রে সঠিক প্রার্থীদের সচিত্র প্রবেশপত্র (AdmitCard)সঙ্গে করে আনতে হবে। অন্যথায় তাঁদের পরীক্ষায় বসতে দেওয়া হবে না।



18/7/2024

Child Development Project Officer
Bankura-I ICDS Project
& Bankura

**লিখিত পরীক্ষার তারিখ, সময়, স্থান, পরবর্তীকালে জানানো হবে।**

**বি: দ্র:--**

(১) প্রার্থী/আবেদনকারিণীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে প্রার্থীকে দেওয়া সংশ্লিষ্ট লোকসভার সদস্য/ জেলার সভাধিপতি/ সংশ্লিষ্ট এলাকার বিধায়ক/ জেলা শাসক/ অতিরিক্ত জেলা শাসক/সংশ্লিষ্ট মহকুমা শাসক/সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির সভাপতি/সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিক/সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান কর্তৃক প্রদত্ত সচিত্র শংসাপত্র থাকা বাধ্যতামূলক।

আবেদনপত্র দাখিল করার সময়ে এই সংক্রান্ত তথ্য দেওয়া বাধ্যতামূলক। পরীক্ষারদিনে প্রার্থীকে অবশ্যই একটি সচিত্র সরকারি পরিচয়পত্র, সেটির আসল (Original) পরীক্ষাকেন্দ্রে নিয়ে আসতে হবে। অন্যথায় তিনি পরীক্ষাকেন্দ্রে বসতে পারবেন না। এর সঙ্গে প্রবেশপত্র (Admit Card) নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে হবে।

(২) ভারতীয় নাগরিকত্বের প্রমান স্বরূপ ভোটার কার্ড / আধার কার্ড / পাসপোর্ট / রেশন কার্ড / ড্রাইভিং লাইসেন্স এর যেকোনো একটি স্ব-প্রত্যয়িত কপি আবেদন পত্রের সঙ্গে দিতে হবে।

(৩) আবেদনপত্র দাখিল করার সময়ে প্রার্থীকে রঙিন পাসপোর্ট মাপের স্ব প্রত্যয়িত ছবি আবেদন পত্রের নির্দিষ্ট জায়গায় আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে। এই ছবি আবেদনপত্র দাখিল (আপলোড) করার তারিখ থেকে ৬(ছয়) মাসের বেশি পুরোনো হলে চলবে না। এই ছবির অন্তত ৩(তিন) টি কপি প্রার্থীর নিজস্ব নিরাপদ হেফাজতে রাখতে হবে যা পরে চাওয়া হতে পারে। এই পাসপোর্ট মাপের (সাইজের) ছবির পশ্চাদভাগ (Background) সাদা বা সাদাটে হতে হবে। ছবিতে প্রার্থীর মুখ সরাসরি সামনের দিকে থাকতে হবে। প্রার্থীর মুখে কোন প্রকার ছায়া এসে পড়লে চলবে না। ধর্মীয় কারণে আবেদণকারিণীর মাথায় আচ্ছাদন থাকতে পারে, কিন্তু সেক্ষেত্রে প্রার্থীর চোখ স্পষ্ট দৃশ্যমান হতে হবে (যারা চোখে দেখতে পান না, সেইসব প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত শংসাপত্র থাকলে এই শর্ত শিথিলযোগ্য)। তাছাড়া কালো চশমা, টুপি, ইত্যাদি পরে ছবি তুললে তা গ্রহণযোগ্য হবে না।

(৪) প্রার্থী তথা পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে নীল বা কালো ডট পেন নিজেকেই আনতে হবে। অন্য কোন কালির পেনে পরীক্ষা দেওয়া যাবে না।

(৫) যেমন সম্পূর্ণ সই আবেদন করার সময়ে দাখিল করা হচ্ছে, অনুরূপ সই পরীক্ষার হলে তাকে করতে হবে। পরীক্ষাকেন্দ্রে আগত প্রার্থীর সই দাখিল করা সইয়ের সঙ্গে না মিললে বা সই দেখে সন্দেহ হলে সেই প্রার্থীকে পরীক্ষাকেন্দ্রের আধিকারিক পরীক্ষায় বসা থেকে বিরত করতে পারবেন। তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

(৬)লিখিত পরীক্ষার প্রবেশপত্র (অ্যাডমিড কার্ড) এ লিখিত পরীক্ষার কেন্দ্র, সময়, সংক্ষিপ্ত নিয়মাবলী, ইত্যাদি সম্পর্কিত সকল তথ্য থাকবে।

***মৌখিক পরীক্ষার পূর্বে নিম্নলিখিত নথি বা প্রমাণপত্রের আসল দাখিল করতে হবে :***

(১) আবেদনপত্র দাখিল করার সময়ে বাসস্থান সম্পর্কিত যে তথ্য জমা করা হয়েছে, তার প্রতিলিপি

(২) জন্ম তারিখের প্রমাণপত্র- জন্ম শংসাপত্র বা মাধ্যমিক বা স্বীকৃত সমতুল্য পরীক্ষার নিবন্ধীকরণ (রেজিস্ট্রেশন) বা অ্যাডমিট কার্ড বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত দশম শ্রেণী পাশ শংসাপত্রে লিখিত বয়সই এক্ষেত্রে সঠিক বয়সের প্রমাণ হিসেবে বিবেচিত হবে।

(৩) ভারতীয় নাগরিকত্বের প্রমান স্বরূপ ভোটার কার্ড / আধার কার্ড / পাসপোর্ট / রেশন কার্ড / ড্রাইভিং লাইসেন্স এর যেকোনো একটি প্রমান পত্র।

(৪) পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত মাধ্যমিক উত্তীর্ণ শংসাপত্র।

(৫) পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত বোর্ড/কাউন্সিল কর্তৃক প্রদত্ত উচ্চমাধ্যমিক উত্তীর্ণ শংসাপত্র।

(৬) জাতিগত শংসাপত্র (প্রযোজ্য হলে)

(৭) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র

(৮) স্থায়ী বাসিন্দার সচিত্র শংসাপত্র

(৯) প্রতিবন্ধকতার শংসাপত্র (প্রযোজ্য হলে)

(১০) অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া সম্প্রদায় এর শংসাপত্র (প্রযোজ্য হলে)



18/7/2024

Child Development Project Officer
Bankura-I ICDS Project
& Bankura

**(ট) প্রতিবন্ধকতাযুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য:**

প্রার্থীকে ন্যূনতম ৪০% (চল্লিশ শতাংশ) অক্ষম হতে হবে। যে সকল প্রতিবন্ধকতাযুক্ত প্রার্থীদের লেখার ক্ষেত্রে প্রয়োজনীয় সক্ষমতার অভাব আছে,তাঁরা প্রয়োজনে অনুলেখকের (Scribe) সহায়তা নিতে পারেন। তবে সেক্ষেত্রে আবেদনপত্র দাখিল করার সময়েই সেই সংক্রান্ত তথ্য জমা করতে হবে। আবেদন করার সময় উত্তীর্ণ হয়ে গেলে কোনভাবেই আর তাঁরা অনুলেখক সংক্রান্ত তথ্য জমা করতে পারবেন না এবং পরীক্ষাকেন্দ্রে অনুলেখকের সহায়তা পাওয়ার উপযুক্ত হিসেবে বিবেচিত হবেন না। তাঁরা দশম শ্রেণীতে পাঠরত কোন ছাত্রীকে বা নিম্নতর যোগ্যতার কোন মহিলাকে অনুলেখক (Scribe) হিসেবে নথিভুক্ত করতে পারবেন।

পরীক্ষার আগে অনুলেখক সংক্রান্ত হলফনামা নির্দিষ্ট ফর্মে পরীক্ষাকেন্দ্রে জমা করতে হবে। এই ফর্ম সংশ্লিষ্ট সি.ডি.পি.ও. অফিস থেকে সংগ্রহ করে নিতে হবে। পশ্চিমবঙ্গের কোন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক বা পশ্চিমবঙ্গের কোন সরকারী সাহায্যপ্রাপ্ত হাসপাতাল বা চিকিৎসাকেন্দ্রের স্বাস্থ্য অধ্যক্ষের (Medical Superintendent) স্বাক্ষরিত এই নির্দিষ্ট ফর্মটি পরীক্ষাকেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের কাছে জমা করতে হবে। অনুলেখকের (Scribe)সাহায্য নেওয়া ব্যক্তি প্রতি ঘন্টায় ২০ মিনিটের জন্য ক্ষতিপূরক (Compensatory)সময় পাবেন অর্থাৎ তাঁদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা হবে ২(দুই) ঘন্টা ৪০(চল্লিশ) মিনিটের। কোন একজন প্রার্থী একজনের বেশী অনুলেখকের (Scribe)সহায়তা নিতে পারবেন না।

**বি: দ্র:---**

* কোন ভুল বা অসংগত তথ্য দিলে বা উপরোক্ত কোন আবশ্যিক শর্ত লঙ্ঘন করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে এবং এ বিষয়ে কোন কারণ দর্শানো হবে না।
* পরীক্ষাকেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য কোনরূপ গাড়ী ভাড়া বা অপর কোন রাহা খরচ প্রকল্প কার্যালয় বহন করবে না।
* যদি প্রমাণিত হয় কোন প্রার্থী তাঁর নিয়োগের ক্ষেত্রে কোনরূপ প্রভাব বিস্তার করেছেন বা অসাধু উপায় অবলম্বন করেছেন, তাহলে কর্তৃপক্ষ তাঁর প্রার্থীপদ বাতিল করবেন। এ বিষয়ে কোন কারণ দর্শানো হবে না।
* যে কোন বিষয়ে বিতর্কের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচ্য হবে। সেক্ষেত্রে কোন প্রার্থীকে তার প্রার্থীপদ বাতিল করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত কর্তৃপক্ষই নিতে পারবেন।
* নোটিশে বর্ণিত সকল সংশাপত্রের স্বপ্রত্যয়িত কপি আবেদন পত্রের সাথে জমা না করলে আবেদন পত্রটি বাতিল বলে গন্য হবে
* নিযুক্ত হলে প্রবীণত্ব (Seniority) ,নিয়োগের শর্তাবলী, ইত্যাদি ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচ্য হবে।
* বিজ্ঞপ্তির লিখিত তথ্য খুঁটিয়ে পড়ে তবেই আবেদন করবেন । ভুল আবেদনপত্র বাতিল হবে। এজন্য কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবে না।

সংযুক্তি : সংশ্লিষ্ট পদের নমুনা আবেদন পত্র ।

14/7/2024

**শিশু বিকাশ প্রকল্প আধিকারিক**
**বাঁকুড়া- ১নং সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প**
**পুয়াবাগান:বাঁকুড়া**



14/7/2024
**Child Development Project Officer**
**Bankura-I ICDS Project**
**Bankura**

স্মারক সংখ্যা: ২০৮/১ (২৫)/ আই.সি.ডি.এস/বি.এন.কে ১ তারিখ: ১৮/০৭/২০২৪

***জ্ঞাতার্থে ও ব্যাপক প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ প্রতিলিপি প্রেরণ করা হল:***

১) মাননীয়া অধিকর্তা, সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প (Director of ICDS),পশ্চিমবঙ্গ সরকার, শৈশালী ভবন, সল্টলেক,কোলকাতা-৬৪

২) মাননীয়া অতিরিক্ত সচিব (Additional Secretary),পশ্চিমবঙ্গ সরকার, নারী ও শিশু উন্নয়ন ও সমাজ কল্যাণ বিভাগ, বিকাশ ভবন, কোলকাতা-৯১

৩) মাননীয় জেলা শাসক, বাঁকুড়া ।

৪) মাননীয় অতিরিক্ত জেলা শাসক (উন্নয়ন), বাঁকুড়া ।

৫) মাননীয়া মহকুমা শাসক, বাঁকুড়া সদর, বাঁকুড়া ।

৬) মাননীয় সভাপতি, জেলা সিলেকশন এবং মনিটরিং কমিটি, আই.সি.ডি.এস, বাঁকুড়া ।

৭) মাননীয় সহ-সভাপতি, জেলা সিলেকশন এবং মনিটরিং কমিটি, আই.সি.ডি.এস, বাঁকুড়া ।

৮) মাননীয় জেলা প্রকল্প আধিকারিক, আই.সি.ডি.এস, বাঁকুড়া ।

৯) মাননীয় বিধায়ক, বাঁকুড়া বিধানসভা কেন্দ্র, বাঁকুড়া ।

১০) মাননীয় সভাপতি, বাঁকুড়া-১নং পঞ্চায়েত সমিতি, বাঁকুড়া ।

১১) মাননীয়া সমষ্টি উন্নয়ন আধিকারিক, বাঁকুড়া-১নং ব্লক, বাঁকুড়া।

১২) মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক, আঁচুড়ি বি.পি.এইচ.সি. বাঁকুড়া ।

১৩) মাননীয় ভারপ্রাপ্ত আধিকারিক, বাঁকুড়া সদর থানা, বাঁকুড়া ।

১৪) মাননীয় জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, বাঁকুড়া বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য ।

১৫) মাননীয় সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, বাঁকুড়া-১নং ব্লক, বাঁকুড়া ।

১৬) মাননীয় সহ-কৃষি অধিকর্তা, বাঁকুড়া ১নং ব্লক ।

১৭) মাননীয় ডি.আই.ও.এন.আই.সি বাঁকুড়া, ওয়েবসাইট(**www.bankura.gov.in**)বিজ্ঞপ্তি আপলোড ও বহুল প্রচারের জন্য ।

১৮) মাননীয় আধিকারিক, উপ-ডাকঘর, রাজগ্রাম, বাঁকুড়া ।

১৯) মাননীয় অবর বিদ্যালয় পরিদর্শক, সদর পশ্চিম চক্র, বাঁকুড়া ।

২০-২৩) মাননীয় প্রধান, আঁচুড়ি/ জগদল্লা-১নং /কালপাথর / আন্দারথোল গ্রাম পঞ্চায়েত ।

২৪) অফিস নোটিস বোর্ড, বাঁকুড়া-১নং আই.সি.ডি.এস প্রকল্প, বাঁকুড়া।

২৫) অফিস কপি ।

18/7/2024

**শিশু বিকাশ প্রকল্প আধিকারিক**
**বাঁকুড়া-১নং সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প**
**পুয়াবাগান::বাঁকুড়া**

Child Development Project Officer
Bankura-I ICDS Project
Bankura